★ ব্যক্তিগত বৈষম্য বলতে কী বোঝো? ব্যক্তিগত বৈষম্যের শ্রেণিবিভাগ বা প্রকারভেদ উল্লেখ কর।

মানসিক দৈহিক ও প্রকৃতিগত দিক থেকে ব্যক্তিতে ব্যক্তিতে যে পার্থক্য দেখা যায় তাকে ব্যক্তিগত বৈষম্য বলে।

ব্যক্তিদ্বে ব্যক্তিদ্বে বিভিন্ন দিক থেকে মিল থাকলেও পার্থক্য অনেক রয়েছে। যেমন — কেউ দুর্বল, কেউ সবল, কেউ লম্বা, বেঁটে,

কেউ রাগী, কেউ শান্ত, কেউ রোগা, কেউ মোটা প্রভৃতি। অরিং হস্ তাঁর গবেষণাতে প্রমাণ করেন যে, মানসিক ক্ষমতার বৈচিত্র্য, মনোযোগ, স্মৃতি ও আগ্রহ প্রভৃতি বিভিন্ন এক ব্যক্তি অন্য ব্যক্তি থেকে আলাদা।

ব্যক্তিগত বৈষম্যের শ্রেণিবিভাগ বা প্রকারভেদ :—

ব্যক্তিগত বৈষম্য নানা দিক থেকে হয়ে থাকে, মূলত ব্যক্তিগত বৈষম্যকে দুটি ভাগে ভাগ করা যায়। — ১। অর্জিত বৈষম্য,
২। সহজাত বৈষম্য।

১। অর্জিত বৈষম্য :— অর্জিত বৈষম্যকে কয়েকটি শ্রেণিতে ভাগ করা যেতে পারে যেগুলি নিম্নরূপ —

a। সামাজিক বৈষম্য : ব্যক্তিগত বৈষম্যকে বিশেষ ভাবে প্রভাবিত করে সমাজ। শিশু পরিবারে জন্ম গ্রহণের পর পরিবার, বিদ্যালয়, লাইব্রেরি, ক্লাব, অফিস প্রভৃতি বৃহত্তর ক্ষেত্রে যে পদার্পণ করে, এগুলির মধ্য দিয়ে শিশুর আচরণের বৈষম্য ঘটে যা তার জীবনকে প্রভাবিত করে।

b। শিক্ষাগত বৈষম্য : শিক্ষা ক্ষেত্রে ব্যক্তিগত বৈষম্য বিশেষভাবে পরিলক্ষিত হয়, বিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষার ফল থেকে এর প্রমাণ পাওয়া যায়, কোনো শিক্ষার্থী বেশি নম্বর পায় আর কোনো শিক্ষার্থী কম নম্বর পায় অর্থাৎ সবার সব কিছু আয়ত্ত করার ক্ষমতা সমান নয়।

c। সাংস্কৃতিক বৈষম্য : প্রত্যেকটি সমাজে রীতি নীতি, প্রথা, আচার-অনুষ্ঠান, সংস্কার, প্রভৃতি রয়েছে একে বলা হয় সংস্কৃতি। সুতরাং বিভিন্ন ধরনের সংস্কৃতি পরিবেশে যে সমস্ত শিশু জন্মায় তাদের প্রত্যেকে আচার আচরণ পৃথক হয়।

Scanned with CamScanner

৪। প্রাক্সোভিক বৈষম্য :— প্রাকৃতিক কারণেও ব্যক্তিগত বৈষম্য দেখা যায় কেউ রাগী, কেউ শান্ত এছাড়া ভালোবাসা, ঘৃণা প্রভৃতি দিক থেকে ব্যক্তিগত বৈষম্য লক্ষ্য করা যায়।

২। সহজাত বৈষম্য :—

সহজাত বৈষম্যকে আবার কয়েকটি শ্রেণিতে ভাগ করা যেতে পারে, তা নিম্নরূপ —

ক। দৈহিক পার্থক্য :

মানুষের জীবনে সতর্কেরা একই রকম তবুও তার দৈহিক ওজন, গায়ের রং, প্রভৃতি ভিন্ন ধরনের হয়। এছাড়াও নারী পুরুষের লিঙ্গগত পার্থক্য উল্লেখ্য যোগ্য এই দিক থেকেও ব্যক্তিগত পার্থক্য লক্ষ করা যায়।

খ। মানসিক বৈষম্য :

মানসিক ক্ষমতার কারণে ও ব্যক্তিগত বৈষম্য লক্ষ্য করা যায় যেমন— বুদ্ধি, আগ্রহ, মনোযোগ, স্মরণ, চিন্তন, বিচারণা, প্রভৃতি দিক থেকে ব্যক্তিগত বৈষম্য লক্ষ্য করা যায়।

গ। মেজাজগত বৈষম্য :

অনেক সময় মেজাজগত ~~দিক~~ আচরণের দিক থেকে ~~আর~~ ব্যক্তিগত পার্থক্য দেখা যায় যেমন — কেউ আমায়িক, কেউ অভদ্র, কেউ উদ্ধত, কেউ সত্যবাদী, কেউ মিথ্যাবাদী, কেউ দয়াশীল প্রভৃতি সকলের এক নয়।

★ ব্যক্তিগত পার্থক্যের কারন :-

বিভিন্ন দিক থেকে ব্যক্তিতে ব্যক্তিতে প্রচুর মিল থাকলেও বিভিন্ন দিক থেকে পার্থক্য অনেক রয়েছে যেমন— কেউ দুর্বল, কেউ সবল, কেউ লম্বা, কেউ বেঁটে, কেউ রাগী, কেউ শান্ত, কেউ রোগা কেউ মোটা প্রভৃতি, মনবিদ্ গন গবেষনা থেকে প্রমান করেছেন যে, মানসিক ক্ষমতা (বুদ্ধি, মনযোগ, আগ্রহ, স্মৃতি, প্রক্ষোভ প্রভৃতি) বিষয়ে এক ব্যক্তি অন্য ব্যক্তি থেকে আলাদা এর কারন গুলি হলো ——

১. বংশগত কারন :-

পূর্ব পুরুষের কাছ থেকে প্রাপ্ত যে সমস্ত বৈশিষ্ট্য গুলো আমরা লাভ করে থাকি, সেই সমস্ত বৈশিষ্ট্য দরুন ব্যক্তিগত পার্থক্য লক্ষ্য করা যায়।

2. অর্জিত কারন :-

সমাজে বসবাস কারী মানুষ শিক্ষা-দীক্ষা, রীতি-নীতি, আচার-অনুষ্ঠান প্রভৃতির মাধ্যমে মানুষ জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন করছে। আর সেই শিক্ষা-দীক্ষার ফলে, মানুষের মানুষের মধ্যে ব্যক্তিগত পার্থক্য লক্ষ্য করা যায়।

৩. দৈহিক কারন :

এই পৃথিবীতে বসবাস কারী প্রত্যেকটি মানুষই দৈহিক দিক থেকে ভিন্ন প্রকৃতির হয়ে থাকে দেহের ওজন, দেহের বর্ন প্রভৃতি দিক থেকে পার্থক্য লক্ষ্য করা যায়।

৪. মানসিক কারন :

মানসিক ক্ষমতার কারনে ব্যক্তিতে ব্যক্তিতে পার্থক্য দেখা যায় যেমন— আগ্রহ, বুদ্ধি, মনযোগ, ধারনা, স্মরন, চিন্তন, যুক্তি প্রভৃতি দিক থেকে মানুষ সমান হয় না তাই ব্যক্তিগত

Scanned with CamScanner

পার্থক্য লক্ষ্য করা যায়,

৫. প্রক্ষোভ বা মেজাজ গত কারণ :

ব্যক্তিতে ব্যক্তিতে ব্যক্তিগত পার্থক্য লক্ষ্য করা যায় এর মধ্যে প্রক্ষোভ বা মেজাজগত কারণটি উল্লেখ্য যোগ্য কারণ সব মানুষের মধ্যে প্রক্ষোভ বা মেজাজ সমান ভাবে বিদ্যমান কেউ শান্ত হবে এবং কেউ রাগী হবে এটা প্রকৃতির নিয়ম, এদিক থেকেও ব্যক্তিগত পার্থক্য লক্ষ্য করা যায়।

★ TAT বলতে কী বোঝো ? [২]

মনোবিদ 'মারে (Murray)' Thematic Apperception Test নামক প্রতিফলন অভীক্ষা বা অভিক্ষেপন অভীক্ষার প্রবর্তন করেন, যিনি এই অভীক্ষার মাধ্যমে ব্যক্তিসত্ত্বার সংগঠন সম্বন্ধে কিছুটা ধারণা দেওয়ার চেষ্টা করেছেন।

মারে এই অভীক্ষার জন্য ৩২ টি কার্ড ব্যবহার করেছেন, এই কার্ড গুলিতে অর্থপূর্ণ ছবি বা ফটো থাকবে, তবে একটি কার্ড সাদা থাকবে,

এই অভীক্ষায় শিক্ষার্থীকে একটি ছবি দেখানো হবে এবং তার পরিপ্রেক্ষিতে তাকে একটি গল্প রচনা করতে হবে, গল্প রচনার ক্ষেত্রে শিক্ষার্থীকে সম্পূর্ণ স্বাধীনতা দিতে হবে, শিক্ষার্থীর গল্প লেখা সম্পন্ন হলে তা বিশ্লেষণের মাধ্যমে তার সম্পূর্ণ ব্যক্তিসত্ত্বার পরিচয় পাওয়া যাবে,

Unit → ৬

Date : __/__/__

Page:

## প্রশ্ন :—

১। ব্যক্তি সত্তা বলতে কী বোঝো ? ব্যক্তিত্বের সংগঠনের সংজ্ঞা সহ বৈশিষ্ট্য লেখ।

২। ব্যক্তিত্বের বিভিন্ন তত্ত্ব গুলি উল্লেখ করো (Type and Trait)।

৩। ব্যক্তিত্ব বলতে কী বোঝো ? ব্যক্তিত্ব সম্পর্কে বিবরণ দাও।

৪। ব্যক্তিগত পার্থক্য বা ব্যক্তিগত বৈষম্য বলতে কী বোঝো এর প্রকারভেদ এবং কারণ গুলি উল্লেখ করো।

৫। ব্যক্তিত্বের বিকাশে ঐতিহাসিক বিবরণ দাও।

৬। Allport এর মতানুযায়ী ব্যক্তিসত্তার সংজ্ঞা দাও।

৭। TAT বলতে কী বোঝো ?

Unit-4 (P.C.R)

(ক) বুদ্ধি বলতে কী বোঝো? স্পিয়ারম্যানের দ্বি-উপাদান তত্ত্বটি ব্যাখ্যা করো। [10]

★ (খ) বুদ্ধি অভীক্ষা বলতে কী বোঝো? বুদ্ধি অভীক্ষার শ্রেণিবিভাগ করো। বুদ্ধি অভীক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করো। [2+4+4]

(গ) গিলফোর্ডের ত্রিমাত্রিক / বুদ্ধিমত্তা / বুদ্ধির সংগঠন সংক্রান্ত তত্ত্ব সম্পর্কে আলোচনা করো। [10]

(ঘ) স্ট্যানফোর্ড বিনে পরীক্ষা বর্ণনা করো? [10]

~~[2 / 5 Mark]~~ [5 Mark]

★ (ক) উদাহরণ সহ বুদ্ধি অভীক্ষার শ্রেণী বিভাগ করো।

(খ) বাচনিক ও অবাচনিক অভীক্ষার মধ্যে পার্থক্য লেখো।

★ (গ) বুদ্ধ্যঙ্ক বলতে কী বোঝো (I.Q)? বুদ্ধ্যঙ্কের পরিমাণ অনুযায়ী শ্রেণি বিভাগ করো। [2½+2½]

(ঘ) সাধারণ মানসিক ক্ষমতা ও বিশেষ মানসিক ক্ষমতার মধ্যে পার্থক্য লেখো।

(ঙ) থর্নডাইকের বহু উপাদান বলতে কী বোঝো?

(চ) থমসনের বাছাই তত্ত্বটি আলোচনা করো।

(ছ) কার্যসম্পাদনী অভীক্ষা কী? দুটি উদাহরণ দাও।

(জ) বুদ্ধ্যঙ্ক কী স্থির? কারণ সহ ব্যাখ্যা করো। (2½+2½)

(ঝ) বুদ্ধ্যঙ্ক কীভাবে পরিমাপ করা যায়?

(ঞ) বুদ্ধি পরিমাপের ব্যবহার গুলি কী কী? (প্রয়োজনীয়তা)

(ট) বুদ্ধি বলতে কী বোঝো? [2]

(ঠ) একটি সম্পাদনী অভীক্ষার উদাহরণ দাও। এই অভীক্ষার মাধ্যমে বুদ্ধি কীভাবে পরিমাপ করা যায়।

Scanned with CamScanner